

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩০৩

১৪/ ক্রয় বিক্রয় (ﷺ ১৪/ ক্রয় বিক্রয় (১৯৮৯)
পরিচেছদঃ আরায়া ও এতদসম্পর্কিত অনুমতি প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الْعَرَايَا وَالرُّخْصَةِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنْ زَيْدِ بْنِ قَابِتٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنِ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ إِلاَّ أَنَّهُ قَدْ أَذِنَ لأَهْلِ قَابِتٍ، أَنَّ النَّبِيُّ صلى الله عليه وسلم نَهَى عَنِ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ إِلاَّ أَنَّهُ قَدْ أَذِنَ لأَهْلِ الْعَرَايَا أَنْ يَبِيعُوهَا بِمِثْلِ خَرْصِهَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَابِرٍ . قَالَ أَبُو الْعَرَايَا أَنْ يَبِيعُوهَا بِمِثْلِ خَرْصِهَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ زَيْدِ بْنِ قَابِتٍ هَكَذَا رَوَى مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ هَذَا الْحَدِيثَ . وَرَوَى أَيُّوبُ وَعُبَيْدُ اللّهِ بْنُ عُمَرَ وَمَالِكُ بْنُ أَنَسٍ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهى عَنِ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ . وَبِهَذَا الْإِسْنَادِ عَنِ ابْنِ عُمَرَ عَنْ زَيْدِ بْنِ قَابِتٍ عَنِ وسلم نَهى عَنِ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ . وَبِهَذَا الْإِسْنَادِ عَنِ ابْنِ عُمَرَ عَنْ زَيْدِ بْنِ قَابِتٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ رَخَّصَ فِي الْعَرَايَا . وَهَذَا أَصَبَ مُ مِنْ حَدِيثٍ مُحَمَّدٍ بْنِ السَّيِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ رَخَّصَ فِي الْعَرَايَا . وَهَذَا أَصَبَ مُن حَدِيثٍ مُحَمَّد بْنِ قَابِتٍ عَنِ إِسْحَاقَ .

বাংলা

১৩০৩. হান্নাদ (রহঃ) যায়দ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহাকালা (অর্থাৎ কর্তিত শস্যের বিনিময়ে ক্ষেতের বর্তমান শস্য অনুমানে পরিমান নির্দ্ধারণ করে বিক্রি করা) মুযাবানা (অর্থাৎ কর্তিত ফলের বিনিময়ে বৃক্ষে থাকা বিদ্যমান ফল অনুমানে পরিমাণ নির্দ্ধারণ করে বিক্রি করা) নিষেধ করেছেন। তবে তিনি আরায়া [১] এর অধিকারীকে অনুমানে পরিমাণ নির্দ্ধারণ করে বিক্রি করার অনুমতি দিয়েছেন। - ইবনু মাজাহ ২২৬৮, ২২৬৯, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩০০ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবৃ হুরায়রা ও জাবির রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। রাবী মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) এ হাদীসটিকে যায়দ ইবনু ছাবিত রাদিয়াল্লাহু আনহু সূত্রে এ ভাবেই বর্ণনা করেছেন। আয়ূাব, উবায়দুল্লাহ্ ইবনু উমার এবং মালিক ইবনু আনাস (রহঃ) ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঁচ ওয়াসাক পরিমানের (প্রায় সাতাশ মণ) কমে 'আরায়া'-এর অনুমতি দিয়েছেন। এ হাদীসটি মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) এর রিওয়ায়াতটি থেকে অধিকতর সহীহ।



English

Narrated Ibn 'Umar:

From Zaid bin Thabit that the Prophet (ﷺ) prohibited Al-Muhalaqah and Al-Muzabanah, except that he permitted those practice Al-'Araya to sell it for a like estimation.

[He said:] There are narrations on this topic from Abu Hurairah and Jabir.

[Abu 'Eisa said:] The Hadith if Zaid bin Thabit: This is how Muhammad bin Ishaq reported this Hadith. Ayyub, 'Ubaidullah bin 'Umar, and Malik bin Anas reported it from Nafi', from 'Ibn Umar: "The Prophet (**) prohibited Al-Muhalaqah and Al-Muzabanah." With this chain of narration, it has been reported from Ibn 'Umar, from Zaid bin Thabit, from the Prophet (**) that he permitted Al-'Araya in cases less that five Wasq. This is more correct than the narration of Muhammad bin Ishaq.

ফুটনোট

১. 'আরায়া' হল, খেজুর বা অন্য কিছুর বাগানের অধিকারী কোন ব্যক্তি তার বাগানের একটা দুটা গাছের ফল কোন গরীব ব্যক্তিকে ভোগ করার জন্য দান করল। কিন্তু এ গরীব লোকটির বারবার বাগানে আসা তার অপছন্দনীয়। তাই সে বলল, উক্ত গাছসমূহের সম পরিমান ফল সে তাকে দিয়ে দিবে। এখানে যদিও অনুমানের ভিত্তিতে গাছের ফলের পরিমাণ নির্দ্ধারণ করা হচ্ছে তবুও তা জায়েয। কেননা এটা আসলে ক্রয়-বিক্রয়ের আওতায় পরে না। কেননা মুলত: দানকারীই হচ্ছে এ খেজুরের মালিক। সে ইচ্ছা কররে গাছ থেকে ফল তুলেও দিতে পারে। ইচ্ছে করলে নিজের কাছ থেকেও সে তা দিতে পারে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবন সাবিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন